জয়পুরহাট পৌরসভা
জয়পুরহাট।

স্মারক নংঃ - জয়ঃপৌঃসঃ/প্রকৌ/২০২২-২৬/ ১৭৬     তারিখঃ ২৫/০৮/২০২২

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার ০৫ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ৩১/০৮/২০২২ইং তারিখ রোজঃ বুধবার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে ০৫ নং ওয়ার্ড কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা।
৩। দ্রব্যমূল্যের উর্দ্ধগতির বিষয়ে আলোচনা।
৪। বিবিধ

(মোঃ দেওয়ান ইকবাল হোসেন)
সভাপতি
ও
কাউন্সিলর ওয়ার্ড নং-৫
জয়পুরহাট পৌরসভা।
২৫/০৮/২২

প্রাপক ঃ

.......................................................

.......................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

ওয়ার্ড কমিটি (WC) এর ৬০ তম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

ওয়ার্ড নং- ০৫

*সভাপতি ঃ দেওয়ান ইকবাল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-৫, জয়পুরহাট পৌরসভা।*

সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন।

তারিখ ঃ ৩১/০৮/২০২২ইং

রোজ ঃ বুধবার।

সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

অদ্য ৩১/০৮/২০২২ইং তারিখ রোজঃ বুধবার, সময়ঃ সকাল ১০.০০ ঘটিকায় পৌর মিলনায়তনে ৫নং ওয়ার্ড কমিটি'র সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ দেওয়ান ইকবাল হোসেন, কাউন্সিলর, ওয়ার্ড নং-০৫।
সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির উপস্থিত সকল সদস্যকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১ নং আলোচ্য সূচী ঃ গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে ঃ**

আলোচনা ঃ সভাপতি মহোদয় গত সভার কার্যবিবরনী পাঠ করার জন্য অত্র কমিটির সদস্য-সচিব মোঃ মোস্তাফিজার রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল), জয়পুরহাট পৌরসভা কে আদেশ করেন। সভাপতি মহোদয়ের আদেশক্রমে উপস্থিত সভায় সদস্য-সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত ঃ গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্বসম্মতিভাবে দৃঢ় করণ করা হলো।

**২ নং আলোচ্য সূচী ঃ**

**জলবায়ু পরিবর্তন বিষয়ে আলোচনা ঃ**

কাউন্সিলর মহোদয় জলবায়ু পরিবর্তন বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করেন। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের প্রধান কারণ হল গ্রিন হাউজ ইফেক্ট। শক্তি উৎপাদনে জীবাশ্ম জ্বালানির পোড়ানোর ফলে বায়ুমন্ডলে কার্বন ডাই অক্সাইড ,নাইট্রোজেন,মিথেন,সহ নানা ধরনের ক্ষতিকারন গ্যাস বৃদ্ধি পায় এবং এ গ্যাসগুলো আমাদের বায়ুমন্ডলকে উত্তপ্ত করে চলছে। এই জলবায়ু পরিবর্তনের প্রভাবে সবথেকে ঝুকিতে থাকা দেশগুলোর মধ্যে বাংলাদেশ অন্যতম। বাংলাদেশ একটি নদী বিধৌত ব-দ্বীপ। বাংলাদেশ আরও নানা প্রাকৃতিক সংকটের মুখোমুখি হয়। উষ্ণায়নের ফলে হিমালয়ের বরফ গলে সমুদ্র পৃষ্টের উচ্চতা বৃদ্ধি এবং প্রাণঘাতী দুর্যোগ ভূমিকম্প নদী ভাঙ্গনে জলাবদ্ধতা, পানি বৃদ্ধি, মাটির লবণাক্ততা প্রধান প্রাকৃতিক বিপর্যয় হিসেবে চিহ্নিত হয়েছে। আমরা জানি বাংলাদেশ ছয় ঋতুর দেশ কিন্তু জলবায়ু পরিবর্তনের কারণে ছয় ঋতু বোঝার কোন উপায় নেই। আমরা দুইটা ঋতু বুঝতে পারি। এছাড়াও জলবায়ু পরিবর্তনের জন্য অসময়ে বন্যা, অসময়ে ক্ষরা দেখা যাচ্ছে। এতে আমাদের দেশে ফসলের ব্যাপক ক্ষয় ক্ষতি হচ্ছে । এই জলবায়ু পরিবর্তন রোধ করার জন্য বেশী বেশী করে গাছ লাগাতে হবে।

সিদ্ধান্তঃ জলবায়ু পরিবর্তন এর জন্য সবাই বেশী বেশী করে গাছ লাগাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

৩ নং আলোচ্য সূচী ঃ

দ্রব্যমূল্যের উর্ধ্বমুখী বিষয়ে আলোচনাঃ

কাউন্সিলর মহোদয় দ্রব্যমূল্যের উর্ধ্বমুখী নিয়ে সভায় আলোচনা করেন। তিনি বলেন বাজারে প্রত্যেকটা জিনিসের দাম অনেক বেশী। কাঁচা সবজি, মাছ, মাংস, মুরগী, ডিম তেল সবকিছুর দাম আগের থেকে অনেক বেশী। আগে যে ডিমের হালি ৩৫ টাকা ছিল অল্প কিছুদিনের ব্যবধানে সে ডিমের দাম ৫০ টাকা। সয়াবিন তেলের দাম ১৮০ টাকা লিটার, সরিষার তৈল ২২০টাকা অনুরুপভাবে চাল-ডাল সবকিছুর দাম এখন লাগাম ছাড়া বৃদ্ধি পেছে। তিনি সরকারের কাছে অনুরোধ করেন এই সভা থেকে দ্রুত সব জিনেসের দাম কমিয়ে জনগনের ক্রয় ক্ষমতার মধ্যে আনার জন্য।

সিদ্ধান্ত ঃ কাউন্সিলর মহোদয় বাজারের উর্ধ্বমুখী নিয়ন্ত্রনের জন্য মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে কমিটি গঠনের মাধ্যমে বাজার নিয়ন্ত্রন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(দেওয়ান ইকবাল হোসেন)
সভাপতি WC কমিটি
ও ৫নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২২-২০২৩/ ১৯১২(০৫)

তারিখ ঃ ৩১/০৮/2022

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবা ..................., সদস্য, WC কমিটি, ওয়ার্ড নং-০৫

৩। অফিস নথি।

(দেওয়ান ইকবাল হোসেন)
সভাপতি WC কমিটি
ও ৫নং ওয়ার্ড কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা
## জয়পুরহাট।

### ওয়ার্ড কমিটি (WC), ওয়ার্ড নং ৫ - এর
### ৬০ তম সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা স্বাক্ষর ।

সভাপতি ঃ দেওয়ান ইকবাল হোসেন, কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং- ০৫, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ৩১/০৮/২০২২ইং।
রোজ ঃ বুধবার।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃনং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | দেওয়ান ইকবাল হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৫ জয়পুরহাট পৌরসভা | সভাপতি | |
| ২ | পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২) জয়পুরহাট পৌরসভা | সহ-সভাপতি | |
| ৩ | মোঃ আলতাফ হোসেন আকালু | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৪ | মোঃ দিলদার হোসেন | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৫ | মোছাঃ কুমকুম ফারুক | নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি | সদস্য | |
| ৬ | মোঃ আশরাফ শেখ | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৭ | রিয়া | নাগরিক সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ৮ | ইতি আক্তার পলি | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ৯ | দেওয়ান মানিক | পেশাজীবি সংগঠন | সদস্য | |
| ১০ | মোঃ মোস্তাফিজার রহমান | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জয়পুরহাট পৌরসভা | সদস্য সচিব | |